বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
শৃঙ্খলা ও তদন্ত শাখা
www.caab.gov.bd

নথি নং-৩০.৩১.০০০০.২০১.৫৩.০০৭.১৭(অংশ-১)- ৯৩৮৮ তারিখ: ১৪ /০৮/২০২৩ খ্রিঃ।

## অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ শহীদুজ্জামান, সহকারী প্রকৌশলী (সিভিল), সদর দপ্তর প্রকৌশল বিভাগে নির্বাহী প্রকৌশলী হিসেবে কর্মরত অবস্থায় তার পরিবারবর্গ ও আত্মীয়-স্বজনের সাথে সাক্ষাতের উদ্দেশ্যে ২১ (একুশ) দিনের বহিঃবাংলাদেশ (অর্জিত) ছুটির অনুমোদনপ্রাপ্ত হয়ে বিগত ১৭/০১/২০২১ তারিখ যুক্তরাষ্ট্র গমন করেন, কিন্তু অনুমোদিত ছুটি ভোগ শেষে দেশে প্রত্যাবর্তন না করে বিনানুমতিতে বিদেশে অবস্থান করায় তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয় এবং তার বিরুদ্ধে 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর অভিযোগ আনয়ন করে বিগত ১৩/০৪/২০২১ তারিখ বিভাগীয় মামলা নং-১৪/২০২১ রুজু করা হয়;

২.০ যেহেতু, বর্ণিত বিভাগীয় মামলায় আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হলে তাকে দোষী সাব্যস্ত করে প্রবিধানমালা, ২০২১ এর ৫০(১)(খ)(অ) বিধি অনুযায়ী সহকারী প্রকৌশলী (সিভিল) হিসেবে নিম্নপদে অবনমিতকরণ সূচক গুরুদন্ড স্মারক নং-৩০.৩১.০০০০.২০১.৫৩.০০৭.১৭(অংশ-১)-৯২৫৫ তারিখ: ২৮/০২/২০২২ এর মাধ্যমে আরোপ করা হয় এবং আদেশের তারিখ পর্যন্ত অননুমোদিত ছুটিকে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করে বিভাগীয় মামলা নং-১৪/২০২১ নিষ্পত্তি করণসহ তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হয়;

৩.০ যেহেতু, বিভাগীয় মামলা নিষ্পত্তি ও সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলেও তিনি কাজে যোগদান না করে যুক্তরাষ্ট্র হতে ০৮/০৫/২০২২ ও ২০/০৫/২০২২ তারিখে স্বাক্ষরিত শারীরিক অসুস্থতার দু'টি আবেদনপত্র ই-মেইলে বেবিচকে প্রেরণ করেন যা নাকচপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তির চূড়ান্ত আদেশ জারির তারিখ হতে ৬০ (ষাট) দিনের অধিক সময় অতিক্রান্ত হলে ও তার উক্তরূপ কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (গ) বিধি অনুযায়ী 'পলায়ন'-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ বিধায় তার বিরুদ্ধে স্মারক নং-৩০.৩১.০০০০.২০১.৫৩.০০৭.১৭(অংশ-১)-৭৫৩ তারিখ: ২৭/০৭/২০২২ মূলে পুনরায় বিভাগীয় মামলা নং-১১/২০২২ রুজু করা হয় এবং অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানসহ তিনি সশরীরে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রচার করণসহ তার ব্যক্তিগত ই-মেইল, বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়;

৪.০ যেহেতু, নির্ধারিত সময়ের মধ্যে তার নিকট হতে কোন জবাব পাওয়া যায়নি এবং নির্ধারিত সময় পর তার ২৩/০৮/২০২২ তারিখের স্বাক্ষরিত একটি সময় বর্ধিতকরণের আবেদন পাওয়া যায় যা প্রবিধানমালা মোতাবেক গ্রহণযোগ্য না হওয়ায় বিভাগীয় মামলার অভিযোগনামায় আনীত অভিযোগ তদন্তের সিদ্ধান্ত হলে একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা অভিযোগ তদন্তপূর্বক গত ২৭/০৩/২০২৩ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

৫.০ যেহেতু, তার বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনীত 'পলায়ন'-এর অভিযোগের পাশাপাশি 'অসদাচরণ'-এর অভিযোগ তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনে প্রমাণিত হয়, এ প্রেক্ষিতে তার প্রতি 'চাকরি হতে বরখাস্তকরণ' সূচক গুরুদন্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণ করে গত ০৬/০৪/২০২৩ তারিখ দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

৬.০ যেহেতু, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের প্রেক্ষিতে তার ১২/০৪/২০২৩ তারিখের স্বাক্ষরিত জবাব যা ১৩/০৪/২০২৩ তারিখে ই-মেইলে পাওয়া যায় এবং প্রেরিত জবাবে চাকরিতে যোগদানের বিষয়ে কোনরূপ স্পষ্টতা না থাকায় জবাব পর্যালোচনায় সন্তোষজনক হিসেবে বিবেচিত হয়নি; এবং

৭.০ যেহেতু, তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন, মতামত ও নথিতে রক্ষিত যাবতীয় তথ্যাদি পর্যালোচনায় দেখা যায়, জনাব মোঃ শহীদুজ্জামান বিগত ১৭/০১/২০২১ তারিখের পর হতে এখন পর্যন্ত অনুমোদনহীনভাবে দেশের বাহিরে অবস্থান করছেন। তিনি তদন্ত কর্মকর্তার নিকট হাজির হয়ে কোনরূপ বক্তব্য প্রদান করেন নাই। তার বিরুদ্ধে 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর অভিযোগ সঠিক রয়েছে মর্মে তদন্তকারী কর্মকর্তা মতামত ব্যক্ত করেন। বেবিচকের ন্যায় একটি গুরুত্বপূর্ণ সংস্থায় প্রকৌশলী হিসেবে দীর্ঘদিন কর্মে অনুপস্থিত থাকায় উন্নয়ন কর্মকান্ডসহ লক্ষ্য পূরণে একটি বড় অন্তরায়। তার পূর্বাপর আচরণে স্পষ্টভাবে প্রমাণিত হয় যে, ছুটি নিয়ে এভাবে বিদেশে অবস্থান অভ্যাসগত ও দায়িত্বহীনতার পরিচায়ক এবং গুরুত্বপূর্ণ একটি পদে থেকে এভাবে অনুপস্থিত থাকা প্রতিষ্ঠানের সামগ্রিক কর্মকান্ড বা লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থতার পরিচয় এবং শৃঙ্খলা পরিপন্থী একটি কাজ। দায়িত্বশীল পদে থেকে দীর্ঘদিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত এবং কর্মে যোগদানের তার কোনরূপ স্পষ্টতা নেই।

পাতা-০২ দ্রষ্টব্য

৮.০ সেহেতু, জনাব মোঃ শহীদুজ্জামান, সহকারী প্রকৌশলী (সিভিল)-এর বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-১১/২০২২ এর অভিযোগনামায় আনীত অভিযোগ, অভিযোগ বিবরণী, তদন্তকারী কর্মকর্তার বিস্তারিত তদন্ত প্রতিবেদন ও মতামত, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ ও তার প্রেরিত জবাব এবং সংশ্লিষ্ট সকল ডকুমেন্ট পর্যালোচনায় এযাবৎ তিনি কাজে যোগদান না করে পলায়নরত থাকায় ও তদন্তে সন্দেহাতীতভাবে তা প্রমাণিত হওয়ায় বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর বিধি ৪৯(গ) অনুযায়ী 'পলায়ন'-এর দায়ে তাকে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার বিধি ৫০(১)(খ)(উ) অনুযায়ী তার প্রতি "চাকরি হতে বরখাস্তকরণ" সূচক গুরুদণ্ড আরোপ করা হলো এবং বিভাগীয় মামলায় আনীত অভিযোগ এতদ্দারা নিষ্পত্তি করা হলো।

৯.০ এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান
বিবিপি, বিএসপি, বিইউপি, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি
চেয়ারম্যান
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
ফোন: ৮৯০১৪০০

অনুলিপি:

১। সদস্য (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (পত্রটি সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত ই-মেইল, WhatsApp (যদি থাকে) নম্বরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ প্রমাণক প্রশাসন বিভাগে প্রেরণের জন্য)।
৩। পরিচালক (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৪। পরিচালক (অর্থ), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৫। পরিচালক (সিএনএস), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬। সহকারী পরিচালক (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৭। জনাব মোঃ শহীদুজ্জামান, সহকারী প্রকৌশলী (সিভিল) (বরখাস্তকৃত), প্রকৌশল বিভাগ, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
বর্তমান ঠিকানা: বাসা নং-৪১, রোড নং-০৩, সেক্টর নং-০৩, উত্তরা, ঢাকা।
স্থায়ী ঠিকানা: শহীদ বাচ্চু সরণী, হরিকুমারিয়া, ডাকঘর, থানা ও জেলা-মাদারীপুর।
বহিঃ বাংলাদেশ ঠিকানা: 86-73 107st, Jamaica Avenue, NY-11418, USA.

এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান
বিবিপি, বিএসপি, বিইউপি, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি
চেয়ারম্যান